নারী ও শিশুর প্রতি সকল প্রকার বৈষম্য, নির্যাতন ও সহিংসতার বিরুদ্ধে নেত্রকোণা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নিন্দা ও প্রতিবাদ কর্মসূচি

নেত্রকোণা- নেত্রকোণা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে নারী ও শিশুর প্রতি সকল প্রকার বৈষম্য, নির্যাতন ও সহিংসতার বিরুদ্ধে নিন্দা এবং প্রতিবাদ কর্মসূচি পালন করা হয়েছে।

মঙ্গলবার (১১ মার্চ) দুপুর ২:৩০ টায় নেত্রকোণা বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসের সামনে এ কর্মসূচির পালন করা হয়। এই কর্মসূচিতে বক্তব্য প্রদান করেন বাংলা বিভাগের চেয়ারম্যান জনাব মোঃ আঙ্গুর হোসেন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান জনাব হাফসা আক্তার, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান জনাব শোভন রায়, প্রক্টর জনাব সিরাজুল ইসলাম, বাংলা বিভাগের শিক্ষক ড. সাদ্দাম হুসাইন ও ড. মুহাম্মদ সাজেদুল ইসলাম, ইংরেজি বিভাগের শিক্ষক জনাব ছহীহ শাফি এবং অর্থনীতি বিভাগের শিক্ষক জনাব শিহাব উদ্দিন সুমন।

শিক্ষকবৃন্দের বক্তব্যের মাধ্যমে সারাদেশে শিশুধর্ষণ, নারীদের শ্লীলতাহানি, হয়রানি বৃদ্ধি এবং নারী ও শিশুর প্রতি সকল প্রকার বৈষম্য, নির্যাতন ও সহিংসতার বিষয়গুলো উঠে আসে। এ সময় শিক্ষকদের বক্তব্যে বিশেষ গুরুত্বের সাথে উঠে আসে মাগুরার আট বছরের শিশু আছিয়ার ধর্ষণকাণ্ডের বিরুদ্ধে প্রতিবাদ ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

দেশে আইনের সুশাসন প্রতিষ্ঠা করে একটি স্থিতিশীল অবস্থা প্রবর্তনের জন্য সরকারের নিকট জোর দাবি জানানো হয়। নেত্রকোণা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এই নিন্দা ও প্রতিবাদ কর্মসূচিতে নেত্রকোণা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরাও অংশগ্রহণ করেন।